

৪৬

**বৃত্তিপ্ৰাপ্তদের নিকট থেকে
বেতন আদায়**

আমাদের দেশে প্রতিবছর প্রাথমিক ও মাধ্যমিক বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। বোর্ড কর্তৃপক্ষের ঘোষিত নিয়মাবলী অনুযায়ী বৃত্তিপ্ৰাপ্তগণ বিনা বেতনে স্কুলে অধ্যয়ন করতে পারবে এবং তাদের পড়া ও বইকেনার খরচ বার্ষিক গ্রেড অনুযায়ী নির্দিষ্ট পরিমাণ টাকা দেয়া হবে, কিন্তু অনেক স্কুলে এর ব্যতিক্রম লক্ষ্য করা যায়। সেসব স্কুলে ছাত্র-ছাত্রীদের নিকট থেকে বেতন নেয়া হয়। এমনও দেখা যায়, যে টাকা মাসিক বৃত্তি হিসেবে দেয়া হয় তার পরিমাণ স্কুলের বেতনের সমান বা কম (ব্যক্তিগত অভিজ্ঞতা থেকেই বলছি)। সেধার স্বীকৃতির সঙ্গে সঙ্গে আধিক সুরিধা প্রদান ও বৃত্তি ঘোষণার লক্ষ্য। স্কুলে বেতন দিতে হলে বৃত্তিপ্ৰাপ্তগণ বিশেষ আধিক সুরিধা থেকে বঞ্চিত হয়।

বোর্ড কর্তৃপক্ষ কি জানেন না যে, অনেক স্কুলে নিয়ম লংঘন করে বৃত্তিপ্ৰাপ্তদের নিকট থেকে বেতন আদায় করা হয়? সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে উদ্যোগী হয়ে এ ব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানাচ্ছি।

লায়লা খন্দকার,
তেজকুনিপাড়া, টাকা।